

‘গ্রন্থাগারে বই পড়ি,
আলোকিত মানুষ গড়ি।’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ
website : www.publiclibrary.sunamganj.gov.bd.com

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ এর পুরাতন দৈনিক পত্রিকা, সাময়িকী ও অকেজো কাগজপত্র (জানুয়ারি/২০১৫ হতে ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সময়ের) যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয় করা হবে। আগামী ২৪/০৪/২০১৯ ইং তারিখ ১১:০০ ঘটিকায় জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ কার্যালয়ে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত নিলামে অংশগ্রহণকারী সকল ক্রেতাগণকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ :

১. নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ডাকের পূর্বে ৩০০০/- (তিন হাজার টাকা) নগদ জমা দিতে হবে। উক্ত টাকা ফেরতযোগ্য।
২. নিলামে অংশ নেয়া সর্বোচ্চ দরদাতাকে নিলামে প্রাপ্য মালামাল ০৩ (তিন) দিনের মধ্যে মালামাল পরিমাপ করে সমুদয় মূল্য/অর্থ নগদে পরিশোধ করে কার্যস্থল হতে অপসারণ করতে হবে। অন্যথায় উক্ত মালামাল পুনঃরায় নিলামে বিক্রয় করা হবে এবং তাহার জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
৩. পুরাতন পত্রিকা, সাময়িকী ও অকেজো কাগজপত্রগুলো অফিস চলাকালীন সময়ে দেখা যেতে পারে এবং এ সংক্রান্ত বিষয়ে যে কোনো তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
৪. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ দরপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে।



১৭.০৪.১৯

(আনিছুর রহমান)

জুনিয়র লাইব্রেরিয়ান

ও

সদস্য-সচিব

টেভার/নিলাম কমিটি

জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ।

ফোন : ০৮৭১-৬১৫৫২।

নং- জেসগগ্র/সুনাম/১৯/

তারিখ: ১৭/০৪/২০১৯ খ্রি:

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জ।
৪. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট।
৫. জেলা শিক্ষা অফিসার/তথ্য অফিসার/সমবায় অফিসার, সুনামগঞ্জ।
৬. সভাপতি/সম্পাদক, পৌর হকার্স মার্কেট ব্যবসায়ী সমিতি, সুনামগঞ্জ।
৭., সুনামগঞ্জ।
৮. অফিস কপি।

(আনিছুর রহমান)

জুনিয়র লাইব্রেরিয়ান

ও

সদস্য-সচিব

টেভার/নিলাম কমিটি।